# BELIEVERS EASTERN CHURCH

World Headquarters, St Thomas Community
Thiruvalla – 689103, Kerala, India

# পালকীয় পত্র

April/May 2025

আমার প্রিয় যাজকবৃন্দ এবং পবিত্র মন্ডলীর সকল বিশ্বাসীদের সমীপে

আমাদের প্রভু এবং পরিত্রাতা, যীশু খ্রীষ্টের অনুগ্রহ, দয়া এবং শান্তি আপনাদের সকলের সহিত সহবর্তী হউক।

আজ আমি আপনাদের সকলের দৃষ্টি আকর্ষণ করার জন্য আপনাদের সম্বোধন করিতেছি যে, আমাদের মন্ডলীর ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি মুহূর্ত: আমাদের বিশ্রামাশ্রিত মেট্রোপলিটন ফাদার, অ্যাথানাসিয়াস ইয়োহান-প্রথম,স্মৃতিধন্য এর প্রথম স্মরণ সভা আসন্ন ৮ই মে,২০২৫। তিনি চিরস্থায়ী বিশ্রামে প্রবেশ করিয়া এক বছর পূর্ণ করিয়াছেন।

একটি মন্ডলী রূপে আমাদের জন্য তাঁর এই পৃথিবী পরিত্যাগ করে চলে যাওয়ার বিষয়টিকে মেনে নেওয়া স্পষ্টতই কঠিন, তথাপি তাঁর স্মৃতিকে জীবন্ত করে রাখার সৌভাগ্য আমাদের রয়েছে।তাই আমি আপনাদের সকলকে তাঁর জীবনকে অনুকরণ করার জন্য প্রেমের সহিত অনুরোধ করছি-তিনি যে শিক্ষা দিয়েছেন সেইরূপ জীবনযাপন করা, এবং তিনি যে কার্য শুরু করেছিলেন তাহা অব্যাহত রাখা এবং পরবর্তী প্রজন্মের কাছে সেইগুলি হস্তান্তরিত করা।এই দায়িত্বপরায়নতা আমাদের প্রত্যেকের জন্য খুব বোঝা নয় বরং এটি একটি মহান আনন্দ এবং সম্মানের বিষয়-যাহা আমাদের প্রবল ভাবাবেগ এবং প্রতিশ্রুতির সহিত গ্রহণ করা উচিৎ।

পবিত্র মন্ডলী আমাদের বিশ্রামিত পিতা মেট্রোপলিটন অ্যাথানাসিয়াস যোহন প্রথম, স্মৃতি ধন্য এর প্রথম স্মরণ সভার প্রস্তুতি নিচ্ছেন।তাই আমাদের সকলকে অবশ্যই এই পবিত্র উদযাপনে আমাদের হৃদয় ও মন উভয়কেই বিজড়িত করিতে হইবে।

মন্ডলী রূপে, একসাথে প্রার্থনা করার জন্য এবং আমাদের বিশ্রামিত আধ্যাত্মিক পিতার জীবন ও উত্তরাধিকারের জন্য সর্বশক্তিমান ঈশ্বরকে ধন্যবাদ জানাতে একত্রিত হওয়া।

দয়া করে এই স্মরণ দিবসটি আপনার চারটি দেয়ালের মধ্যে নিষ্প্রাণভাবে স্মরণে সীমাবদ্ধ রাখবেন না।বরং, আরও এক সোপান এগিয়ে যান- তাঁর স্মৃতিটিকে কার্যকর করুন, ঠিক যেমনটি আমাদের বিশ্রামিত, স্মৃতিধন্য, মেট্রোপলিটন পিতা আমাদের প্রদর্শন করেছেন এবং শিক্ষাদিয়েছেন: ভালবাসা এবং করুণার সহিত দরিদ্র লোকেদের সেবা করা ।

আপনার আত্মিক পিতা রূপে , আমি  আমাদের প্রিয় বিশ্রামিত মেট্রোপলিটন ফাদারের জীবনযাত্রার মূল দিকগুলির প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করাতে চাই যে যাহাতে আমরা শুধুমাত্র এই বিশেষ দিনে নয়, প্রতিটি দিনে সেগুলি অনুসরণ করতে পারি ।

**১. দাতব্য এবং করুণার কার্য:** আমাদের বিশ্রামিত পিতার হৃদয় দরিদ্র, অসুস্থ এবং অবহেলিতদের জন্য ভেঙে পড়েছিল এবং তিনি খ্রীষ্টের মতো তাদের ভালোবাসার জন্য ত্যাগ স্বীকার করেছিলেন।তাঁর স্মরণে, আমি আপনাদেরকে দুঃস্থদের কাছে পৌঁছানোর জন্য অনুরোধ করছি- সেটি কোন দানশীল কার্য, অসুস্থদের পরিদর্শন করা, অথবা আপনার সমাজের মধ্যে দয়ার সাধারণ কার্যের মাধ্যমেই হোক ।

**২.প্রতিদিনের প্রার্থনা এবং প্রতিফলন**: আমাদের বিশ্রামিত পিতা আমাদেরকে মন্ডলী রূপে অবিরত প্রার্থনা করতে এবং যীশু প্রার্থনাকে আমাদের দৈনন্দিন জীবনের একটি অংশ করে গড়ে তুলতে উৎসাহিত করেছিলেন।আসুন আমরা প্রার্থনার প্রগাঢ় জীবনের প্রতি অঙ্গীকারবদ্ধ হই—ব্যক্তিগত নিষ্ঠা,পারিবারিক প্রার্থনা,ঐশ্বরিক লিটার্জিতে যোগদান এবং বিশ্বস্ততার সহিত যীশু প্রার্থনা করার মাধ্যমে ।

**৩. মন্ডলী এবং সমাজের প্রতি সেবা:** আমাদের আমাদের বিশ্রামিত পিতা পবিত্র মন্ডলীকে তাঁর সমস্ত হৃদয় দিয়ে ভালোবাসতেন এবং এটিকে গড়ে তোলার জন্য অক্লান্ত পরিশ্রম করেছিলেন।তিনি ক্রমাগত একটি উক্তি করিয়াছিলেন যে, "মন্ডলী সম্পর্কে চিন্তা করুন"। আসুন আমরা আমাদের মন্ডলীর বিকাশের জন্য এবং এটির মাধ্যমে আমাদের সমাজের মঙ্গলার্থে আমাদের সময় এবং প্রতিভা প্রদান করিয়া  তাঁর কার্যকে অব্যাহত রাখি।ক্ষুদ্র এবং বৃহৎ উভয় উপায়ে সেবা করার জন্য

আমাদের কাছে অসংখ্য সুযোগ রয়েছে-মন্ডলীর অনুষ্ঠানগুলিতে সাহায্য করা, মন্ডলীর পরিচর্যাকে সমর্থন করা এবং প্রচার প্রচেষ্টায় সাহায্য করা ।

৪. ভবিষ্যৎ **প্রজন্মের জন্য বিশ্বাস সংরক্ষণ**: আমাদের বিশ্রামিত পিতা শিশুদের ভালোবাসতেন এবং সর্বদা তাদের অগ্রাধিকার দিতেন। আসুন আমরা সান্ডে **স্কুল,** বিলিভার্স ইউথ, মহিলা সহভাগিতা, ধর্মপ্রচার, প্রার্থনা এবং একটি অনুকরণীয় জীবনযাপনের মাধ্যমে পরবর্তী প্রজন্মের কাছে পবিত্র মন্ডলীর জীবনকে হস্তান্তরিত করিতে প্রতিশ্রুতিবদ্ধ হই।

আসুন আমরা নিশ্চিত করি যে আমাদের বিশ্রামিত পিতা আমাদের মন্ডলীকে যে বিশ্বাসের দ্বারা ধরে রেখেছিলেন তাহা আমাদের পরবর্তী প্রজন্মকেও ধরে রাখবে এবং গঠন করবে।আসুন আমরা নিশ্চিত করি যে আমাদের বিশ্রামিত পিতা আমাদের মন্ডলীকে যে বিশ্বাসের দ্বারা ধরে রেখেছিলেন তাহা আমাদের পরবর্তী প্রজন্মকে ধরে রাখবে এবং গঠন করবে।

আমার প্রিয় জনেরা, আমি আপনাদের কেবল শ্রোতা হতে নয়, বরং আরও গুরুত্বপূর্ণভাবে কার্যকারী হওয়ার জন্য অনুরোধ করছি।আমরা যেন আমাদের মন্ডলীর পিতা, মেট্রোপলিটন অ্যাথানাসিয়াস ইয়োহান প্রথম, স্মৃতি ধন্যের জীবন ধারাকে আন্তরিকভাবে আলিঙ্গন করতে পারি ।

আরো মনে রেখো, আমাদেরকে যীশুর হাত, মুখ এবং পা হওয়ার জন্য আহুত করা হয়েছে-অন্যদের সেবা করার জন্য এবং খ্রীষ্টের প্রতিমূর্তিকে প্রতিফলিত করিবার জন্য, যাহা আমাদের মধ্যে মুদ্রাঙ্কিত করা হয়েছে।আসুন আমরা খ্রীষ্টের মতোই হতে থাকি।

তাঁর স্মৃতি চিরস্থায়ী হোক !

পবিত্র ত্রিত্ব; পিতা, পুত্র এবং পবিত্র আত্মা তাঁহার প্রচুর অনুগ্রহ ও দয়া দ্বারা আমাদের পরিচালনা করুন; এবং সমস্ত সাধু এবং পবিত্র মাতা থিওটোকোসের মধ্যস্থতা আমাদের জন্য ঈশ্বরের সিংহাসনের সম্মুখে এখন এবং সদা সর্বদা সুরক্ষিত থাকুক। আমেন!

পিতৃতান্ত্রিক ভালোবাসা ও প্রার্থনার সহিত

Moran Mor Samuel TheophiluS Date: 15 April 2025

Metropolitan Place: World Headquarter